# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৮৭

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. আযান (সালাতের জন্য আহ্বান) - এক আযানে দু’সালাতকে একত্রিত করা যথেষ্ট

আরবী

وَلَهُ عَنْ جَابِرٍ; ـ أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ أَتَى الْمُزْدَلِفَةَ فَصَلَّى بِهَا الْمَغْرِبَ وَالْعِشَاءَ, بِأَذَانٍ وَاحِدٍ وَإِقَامَتَيْنِ

صحيح. رواه مسلم (2/ 891/عبد الباقي)، وفي مسلم بعد اللفظ المذكور قوله: «ولم يسبح بينهما شيئا». قلت: وهذا هو الصواب في تلك الليلة ـليلة مزدلفةـ وأما ما ذكره بعضهم أن من السنة صلاة ركعتين سنة المغرب اعتمادا منه على رواية ابن مسعود التي في «البخاري» فهو خطأ، وقد رددت عيه مفصلا بالأصل

বাংলা

১৮৭। মুসলিমে জাবির (রাঃ) থেকে আরো বর্ণিত আছে- (হজের সময় 'আরাফাহ থেকে মিনা ফেরার পথে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুযদালিফায় আগমন করলেন। অতঃপর এসে মাগরিব ও ইশা সালাত একই আযানে ও দু’ইকামতে সমাধা করলেন।[1]

ফুটনোট

[1] মুসলিম ২/৮৯১ আব্দুল বাকী। উল্লেখিত শব্দের পর মুসলিমে আরো আছে ولم يسبح بينهما شيئا এ উভয় সালাতের মাঝে আর কোন নফল সালাত আদায় করেননি। মুহাক্কিক সুমাইর আয-যুহাইরি বুলুগুল মারামের ব্যাখ্যা গ্রন্থে বলেন: ঐ মুযদালিফার রাত্রির জন্য এ কথা ঠিক আছে। আর অন্যান্যরা বর্ণনা যে উল্লেখ করেছেন যে, বুখারী থেকে আবদুল্লাহ ইবনু মাসউদ সুত্রে বর্ণিত হাদিস দ্বারা কেউ কেউ মাগরিবের দ’রাকাত সালাতকে সুন্নাত মনে করে থাকেন যেটি ভুল। আমি “আল-আসল গ্রন্থে এর প্রতিবাদে বিস্তারিত আলোচনা করেছি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69998

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন